সেপ্টেম্বর ২০১৮ ■ ভাদ্র-আশ্বিন ১৪২৫ ■ জিলহজ্ব-মহররম ১৪৩৯-৪০ ■ বর্ষ ০৬ ■ সংখ্যা ১৩ ■

# এস ই এল বার্তা

The Structural Engineers Ltd. এর মুখপত্র

www.sel.com.bd | e-mail : info@sel.com.bd

### আল-কুরআনের বাণী



"যার আল্লাহ্র ঘর পর্যন্ত পৌছার সামর্থ আছে তার জন্যই আলাহ্র এ ঘরে হজ্জ সম্পাদন করা ফরয। বস্তুতঃ যারা এ নির্দেশ পালনে অস্বীকার করবে (তাদের জেনে রাখা উচিত যে,) নিশ্চিয়ই আল্লাহ্ সমগ্র সৃষ্টি জগতের কারও মুখাপেক্ষী নন।"

– সূরা আলে-ইমরান, আয়াত ৯৭

### আল-হাদীসের বাণী



হযরত আবু সাঈদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ্ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আমাদেরকে ভাষণ দিতে গিয়ে বলেছেন– "আল্লাহ্ তা'য়ালা তোমাদের উপর হজ্জ ফরয করেছেন। সুতরাং তোমরা অবশ্যই হজ্জ পালন করবে।"

- মুসলিম শরীফ


### আপনিও লিখুন

এস.ই.এল পরিবারের সদস্য হলে আপনিও লিখতে পারেন '*এস.ই.এল বার্তা*'য়। জানাতে পারেন আপনার এবং আপনার পরিবারের সদস্যদের সফলতার কথা।

**লেখা পাঠানোর ঠিকানা**

**এস.ই.এল বার্তা**
এস.ই.এল সেন্টার (৩য় তলা)
২৯, বীর উত্তম কাজী নুরুজ্জামান সড়ক
পশ্চিম পান্থপথ, ঢাকা-১২০৫।
e-mail : selbarta@gmail.com

# নিউ ইস্কাটনে নতুন দিগন্তের শুভ সূচনা




**এস.ই.এল. বার্তা ডেস্ক** ॥ রাজধানীর প্রাণকেন্দ্র রমনার নিউ ইস্কাটনে অবস্থিত ঐতিহ্যবাহী সোহাগ কমিউনিটি সেন্টারে দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ এর তত্ত্বাবধায়নে গড়ে উঠছে "এস.ই.এল. আফরোজা মোতালিব স্বপ্নধারা" নামের নতুন আবাসিক প্রকল্প। এখানে আধুনিক দৃষ্টিনন্দন নক্শায় আরসিসি ফ্রেম স্ট্রাকচারে ১৪ (চৌদ্দ) তলা বিশিষ্ট তিনটি ভবন গড়ে উঠছে। সবগুলো ভবনে থাকছে আধুনিক নানান সুযোগ সুবিধা। প্রত্যেক ভবনে রয়েছে দুই স্তর বিশিষ্ট বেজমেন্ট ফ্লোর। বেজমেন্টে রয়েছে কারপার্কিং, নামাজের স্থান ও পানির রিজার্ভ ট্যাংক। গ্রাউন্ড ফ্লোরে রয়েছে রিসিপশন, কমিউনিটি হল, কেয়ারটেকার রুম, ড্রাইভার রুম, ইলেক্ট্রো-মেকানিক্যাল রুম প্রভৃতি। দ্বিতীয় তলা থেকে ১৩তম তলা পর্যন্ত রয়েছে বিভিন্ন সাইজের দৃষ্টিনন্দন ফ্ল্যাট।

এস.ই.এল. আফরোজা মোতালিব স্বপ্নধারা প্রকল্পকে 'এ', 'বি' ও 'সি' ব্লকে ভাগ করা হয়েছে। প্রতিটি ব্লকে আলাদা আলাদা সাইজের ফ্ল্যাট রয়েছে। 'এ' ব্লকের 'এ-১' টাইপে দ্বিতীয় তলা থেকে ১৩তম তলা পর্যন্ত ২,৫৮৮ (দুই হাজার পাঁচশত আটাশি) বর্গফুট আয়তনের ফ্ল্যাট রয়েছে। একই ভাবে 'এ-২' টাইপে রয়েছে ২,১৭৭ (দুই হাজার একশত সাতাত্তর) বর্গফুট আয়তনের ফ্ল্যাট এবং 'এ-৩' টাইপে রয়েছে ২,৩৩৫ বর্গফুট আয়তনের ফ্ল্যাট।

'বি' ব্লকের 'বি-১' টাইপে দ্বিতীয় তলা থেকে ১৩তম তলা পর্যন্ত ২,৪১২ (দুই হাজার চারশত বার) বর্গফুট আয়তনের ফ্ল্যাট রয়েছে। একইভাবে 'বি-২' টাইপে রয়েছে ১,৯৫৪ (এক হাজার নয়শত চুয়ান্ন) বর্গফুট আয়তনের ফ্ল্যাট এবং 'বি-৩' টাইপে রয়েছে ২,১৯১ (দুই হাজার একশত একানব্বই) বর্গফুট আয়তনের ফ্ল্যাট।

'সি' ব্লকের 'সি-১' দ্বিতীয় তলা থেকে ১৩তম তলা পর্যন্ত টাইপ রয়েছে ২,১২৬ (দুই হাজার একশত ছাব্বিশ) বর্গফুট আয়তনের ফ্ল্যাট। একইভাবে 'সি-২' টাইপে রয়েছে ১,৯৫৯ (এক হাজার নয়শত উনষাট) বর্গফুট আয়তনের ফ্ল্যাট এবং 'সি-৩' টাইপে রয়েছে ১,৮৬৫ বর্গফুট আয়তনের ফ্ল্যাট। পুরো প্রকল্পটিতে সর্বমোট ১১৫টি ফ্ল্যাট রয়েছে। যুগের চাহিদা অনুযায়ী ফ্ল্যাটের অভ্যন্তরীণ ডিজাইন অত্যাধুনিক, রুচিসম্মত ও মননশীল।

এ স . ই . এ ল . আফরোজা মোতালিব স্বপ্নধারা প্রকল্পটি জাতীয় বিল্ডিং কোড এবং রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) কর্তৃক অনুমোদিত নক্শা অনুযায়ী নির্মাণ করা হচ্ছে। রাজউক মেমো নম্বর-২৫.৩৯.০০০০.১২২.৩৪.৩৬০.১৬-৩৬৯, তারিখ-১৯ জুন ২০১৬ইং।

প্রকল্পের ঠিকানা ঃ হোল্ডিং নং- ৯০, ৯১, নিউ ইস্কাটন রোড, রমনা, ঢাকা-১২১৭।

প্রকল্প সম্পর্কে যোগাযোগের জন্য– এস.ই.এল. সেন্টার, ২৯, বীর উত্তম কাজী নুরউজ্জামান সড়ক, পশ্চিম পান্থপথ, ঢাকা-১২০৫। হটলাইন- ০৯৬৬৬৭৭৩৩৪৪।

এছাড়াও ভিজিট করতে পারেন– www.sel.com.bd

> **'প্রকল্পটি জাতীয় বিল্ডিং কোড এবং রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) কর্তৃক অনুমোদিত নকশা অনুযায়ী নির্মাণ করা হচ্ছে। রাজউক মেমো নম্বর-২৫.৩৯.০০০০.১২২.৩৪.৩৬০.১৬-৩৬৯, তারিখ-১৯ জুন ২০১৬ইং।'**

## দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিমিটেড

এর

সম্মানিত ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিনিয়ার মোঃ আব্দুল আউয়াল এর সুযোগ্য জ্যৈষ্ঠ সন্তান, এস.ই.এল. এর সম্মানিত পরিচালক

# ইঞ্জিঃ এ.কে.এম. আব্দুল্লাহ

**BROCK UNIVERSITY, CANADA**

থেকে MBA ডিগ্রি অর্জন করায় এস.ই.এল. পরিবারের পক্ষ থেকে

# অভিনন্দন



## রুটিন সার্ভিলেন্স অডিট এবং ISO 9001:2015 সনদ

**ইঞ্জিঃ মোঃ হাফিজুর রহমান, পিইঞ্জ ॥** একটি প্রতিষ্ঠানের সার্বিক উন্নতি নিশ্চিত করতে সকল ক্ষেত্রে টোটাল কোয়ালিটি ম্যানেজমেন্ট (TQM) সিস্টেম বাস্তবায়ন ও রক্ষণাবেক্ষণ করার কোন বিকল্প নেই। সেই উদ্দেশ্য ও লক্ষ্য সামনে রেখে TQM চর্চা করার মধ্য দিয়ে দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ (SEL) তার পদযাত্রা শুরু করে এবং ২০১০ইং সালের ০২ মার্চ কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেম (QMS) এর উপর ISO ৯০০১:২০০৮ সনদ অর্জন করতে সক্ষম হয়। কোনো প্রতিষ্ঠানের জন্য শুধু ISO সনদ প্রাপ্তিই মূল লক্ষ্য হওয়া উচিৎ নয় বরং তা রক্ষণাবেক্ষণ করা অত্যাবশ্যক। তাই, SEL তার প্রাপ্ত সনদের মর্যাদা অক্ষুন্ন রেখে কোম্পানীর অর্জিত সুনাম ধরে রাখতে অব্যাহত প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। ISO এর নিয়মানুযায়ী কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেমে পরিচালিত সকল কার্যক্রম পর্যবেক্ষণ ও ধারাবাহিক উন্নতি নিশ্চিত করণার্থে পরামর্শক হিসাবে নিয়োগপ্রাপ্ত আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন প্রতিষ্ঠান Bureau Veritas (Bangladesh) Private Ltd. কর্তৃক প্রতি ৬ (ছয়) মাস অন্তর অন্তর রুটিন সার্ভিলেন্স অডিট অনুষ্ঠিত হয়ে থাকে; যা প্রাপ্ত সনদের নির্দিষ্ট মেয়াদান্তে (প্রতি ৩ বছর অন্তর) নবায়ন করাসহ সুষ্ঠুভাবে সংরক্ষণ করতে সাহায্য করে। সেই ধারাবাহিকতায় গত ৩১ জুলাই ও ০১ আগস্ট, ২০১৮ইং তারিখে রুটিন সার্ভিলেন্স অডিট অনুষ্ঠিত হয়। অডিট কার্যক্রমের সাথে পরামর্শক প্রতিষ্ঠান থেকে আগত অডিটরগণসহ অত্র প্রতিষ্ঠানের উর্ধ্বতন কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট কর্মকর্তা ও ইন্টারনাল অডিটরগণ উপস্থিত ছিলেন।

## ইন্টারনাল কোয়ালিটি অডিট সম্পন্ন

**এস.ই.এল. বার্তা ডেস্ক ॥** রিয়েল এস্টেট সেক্টরে ‘টিকিউএম’ চর্চায় অগ্রপথিক ‘এস.ই.এল’ কোয়ালিটি ম্যানেজমেন্ট সিস্টেম বাস্তবায়ন ও রক্ষণাবেক্ষণ করে ২০১০ সালের মার্চ মাসে আইএসও ৯০০১ঃ২০০৮ সনদ অর্জন করে। এই অর্জন ধরে রাখতে প্রধান কার্যালয়সহ প্রকল্প অফিসসমূহের সার্বিক ব্যবস্থাপনায় গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিতভাবে প্রতি ০৬ (ছয়) মাস অন্তর ‘ইন্টারনাল’ এবং ০৬ (ছয়) মাস অন্তর ‘এক্সটারনাল’ কোয়ালিটি অডিট পরিচালিত হয়ে থাকে। তারই ধারাবাহিকতায় গত ০৭ জুলাই থেকে ১১ জুলাই, ২০১৮তে ৩৭তম ‘ইন্টারনাল’ কোয়ালিটি অডিট সম্পন্ন করা হয়েছে। কোম্পনির ম্যানেজমেন্ট রিপ্রেজেন্টেটিভ (এমআর) প্রকৌশলী মোঃ হাফিজুর রহমান, পিইঞ্জ এর নেতৃত্বে অত্র কোম্পানীতেই কর্মরত এবং প্রশিক্ষণপ্রাপ্ত ১৬ (ষোল) জন ‘ইন্টারনাল কোয়ালিটি অডিটর’ এবং আন্তর্জাতিকভাবে খ্যাতি সম্পন্ন আইএসও সার্টিফিকেশন কোম্পানি Bureau Veritas (Bangladesh) Private Ltd. কর্তৃক নিয়োগকৃত ‘লীড অডিটর’ দ্বারা যথাক্রমে ‘ইন্টারনাল’ ও ‘এক্সটারনাল’ অডিটসমূহ পরিচালনা করা হয়।

## প্রকল্প উদ্বোধন ও মিলাদ




০৪ জানুয়ারি, ২০১৮ইং তারিখে প্লট নং- ২৮১/এ, দক্ষিণ পাইকপাড়া, মিরপুর, ঢাকাস্থ **“এস.ই.এল. স্বপ্নিল”** আবাসিক ভবন নির্মাণের কাজ শুরু করা উপলক্ষ্যে মিলাদ ও দু'আ অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে ল্যান্ডওনার ও এস.ই.এল. এর মাননীয় পরিচালক (কারিগরী) মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




২৪ জুলাই, ২০১৮ইং তারিখে প্লট নং- ১/১৪, ব্লক- বি, হুমায়ুন রোড, মোহাম্মদপুর, ঢাকাস্থ **“এস.ই.এল. মুসলেমিন'স ভিসতা”** আবাসিক ভবন নির্মাণের কাজ শুরু করা উপলক্ষ্যে মিলাদ ও দু'আ অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে ল্যান্ডওনার ও এস.ই.এল. এর মাননীয় পরিচালক (কারিগরী) মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

## ৫০তম এমআরসি মিটিং ও দ্বি-মাসিক সাধারণ সভা

### ৫০তম এমআরসি মিটিং ঃ


ISO এর নিয়ম-নীতি অনুসারে কোয়ালিটি ম্যানেজমেন্ট সিসটেম (কিউএমএস) বাস্তবায়ন ও রক্ষণাবেক্ষণকল্পে প্রণীত ডকুমেন্টসমূহের কার্যকারীতা, সংযোজন, বিয়োজন, সংশোধন এবং পর্যায়ক্রমিক উন্নয়ন প্রক্রিয়া নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্পসমূহ ও প্রধান কার্যালয়ে কর্মরত উর্ধ্বতন কর্মকর্তাদের সমন্বয়ে গঠিত ম্যানেজমেন্ট রিভিউ কমিটি (এমআরসি) এর ত্রৈমাসিক সভা (এমআরসি মিটিং) গত ২২ জুলাই, ২০১৮ইং তারিখে এস.ই.এল. প্রধান কার্যালয়ে ৯ম তলার অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কোম্পানির মাননীয় ব্যাবস্থাপনা পরিচালক, প্রকৌশলী মোঃ আব্দুল আউয়াল এবং সভাটি পরিচালনা করেন ম্যানেজমেন্ট রিপ্রেজেন্টেটিভ (এমআর) প্রকৌশলী মোঃ হাফিজুর রহমান, পিইঞ্জ।

### দ্বি-মাসিক সাধারণ সভা

কোম্পানির সার্বিক ব্যবস্থাপনা উন্নয়নকল্পে কর্মস্থলে বিদ্যমান সমস্যাবলী নিয়ে আলোচনা, সমস্যাসমূহের কারণ বিশেষণ ও সমাধানকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে প্রকল্পসমূহে কর্মরত প্রকৌশলীবৃন্দ এবং কোম্পানির ব্যবস্থাপনা পর্ষদসহ প্রধান কার্যালয়ে কর্মরত উর্ধ্বতন কর্মকর্তাদের উপস্থিতিতে প্রতি দুই মাস অন্তর দ্বি-মাসিক সাধারণ সভা গত ২২ জুলাই, ২০১৮ইং তারিখে এস.ই.এল. প্রধান কার্যালয়ে ৯ম তলার অডিটরিয়ামে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন কোম্পানির মাননীয় ব্যবস্থাপনা পরিচালক, প্রকৌশলী মোঃ আব্দুল আউয়াল এবং সভাটি পরিচালনা করেন ডিজিএম (কোয়ালিটি অ্যাশুয়েরেন্স) প্রকৌশলী মোঃ হাফিজুর রহমান, পিইঞ্জ।





Quality comes first, Profit is its logical sequence

একটি আধুনিক এবং মানসম্মত
সিনিয়র সিটিজেন্স রেসিডেন্স এন্ড কেয়ার সেন্টার

দেশের প্রবীণ নাগরিকদের আবাসন ও মানসম্মত সেবার মাধ্যমে সুস্থ ও সুন্দর জীবন নিশ্চিত করার অঙ্গীকার নিয়ে ঢাকার **শ্যামলীতে (হলি লেন)** **‘দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ’** কর্তৃক নির্মিত এবং ‘সু-বার্তা ট্রাস্ট’ কর্তৃক পরিচালিত -

**এস.ই.এল. ছায়াবিথী**
**১ (এক) বেডরুমের ফার্নিশ্‌ড ফ্ল্যাট**
**সাইজ: (৩১০-৬৫৩) বর্গফুট**

www.sel.com.bd
SEL Centre, 29, West Panthapath, Dhaka
Phone: 02-9116572, Hotline: 09666 77 33 44


SEL SINCE 1983
A House of Total Quality, Trust & Faith
The Structural Engineers Ltd.

সু-বার্তা ট্রাস্ট

# নতুন প্রকল্পের চুক্তি স্বাক্ষর



২২ জানুয়ারি, ২০১৮ইং তারিখে প্লট নং- ৪৭/১৩, পূর্ব রাজাবাজার, ইন্দিরা রোড শেরে বাংলা নগর, ঢাকায় **"এস.ই.এল. জামান হেরিটেজ"** আবাসিক ভবন নির্মাণের জন্য চুক্তিনামা দলিল স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ল্যান্ডওনারগণ ও এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



২২ এপ্রিল, ২০১৮ইং তারিখে প্লট নং- ৩৯ (৩/১০) আসাদ এভিনিউ, মোহাম্মদপুর ঢাকায় **"এস.ই.এল. লতিফ প্যালেস"** আবাসিক ভবন নির্মাণের জন্য চুক্তিনামা দলিল স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ল্যান্ডওনারগণ ও এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



১০ জুন, ২০১৮ইং তারিখে প্লট নং- ৬১ ও ৬২, ব্লক-ডি, বসুন্ধরা, ঢাকায় **এস.ই.এল.** এর নতুন আবাসিক ভবন নির্মাণের জন্য চুক্তিনামা দলিল স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ল্যান্ডওনারগণ ও এস.ই.এল. এর উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।



১৯ জুলাই, ২০১৮ইং তারিখে প্লট নং- ৩০০/২, ৩০০/৩, শের-ই-বাংলা রোড, ঝিগাতলা, হাজারীবাগ, ঢাকায় **"এস.ই.এল. নিরালা"** আবাসিক ভবন নির্মাণের জন্য চুক্তিনামা দলিল স্বাক্ষরিত হয়। উক্ত চুক্তি স্বাক্ষর অনুষ্ঠানে ল্যান্ডওনারগণ ও এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

# প্রকল্প হস্তান্তর ও পরিচিতি অনুষ্ঠান




১৯ ডিসেম্বর, ২০১৭ইং তারিখে বাড়ি নং- ১২, এভিনিউ০ ০১, ব্লক- বি, সেকশন-০২, মিরপুর, ঢাকায় **"এস.ই.এল. হক অর্কিড"** আবাসিক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




৩০ জানুয়ারি, ২০১৮ইং তারিখে বাড়ি নং- ১১৩, সিদ্ধেশ্বরী, রমনা, ঢাকায় **"এস.ই.এল. আনোয়ারা প্যালেস"** আবাসিক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. এর জেনারেল ম্যানেজার (প্রশাসন ও সেবা), জেনারেল ম্যানেজার (মার্কেটিং এন্ড ফাইন্যান্স) সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




৩১ মার্চ, ২০১৮ইং তারিখে প্লট নং- ৫৬, সেন্ট্রাল রোড, ধানমন্ডি, ঢাকায় **"এস.ই.এল. পিয়ারা গার্ডেন"** আবাসিক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. এর ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।




৩১ জুলাই, ২০১৮ইং তারিখে প্লট নং- ১৫২/২-ই, গ্রীন রোড, ঢাকায় **"এস.ই.এল. রহিমা আইয়ুব হেরিটেজ"** আবাসিক প্রকল্পের আনুষ্ঠানিক হস্তান্তর অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে গ্রাহক, ল্যান্ডওনার ও এস.ই.এল. এর উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

সাক্ষাৎকার.....

# এস.ই.এল. এর কার্যক্রম আন্তজার্তিক মানের



**আ.ফ.ম.মঈনুল হক**
জেনারেল ম্যানেজার (পরিকল্পনা ও উন্নয়ন)
শিল্প মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন
বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প করপোরেশন
সম্মানিত ল্যান্ডওনার, এস.ই.এল. হক অর্কিড

*আ.ফ.ম. মঈনুল হক। ১৯৬০ সালের ২০ জুলাই কুমিল্লা জেলার দাউদকান্দি উপজেলায় জন্ম গ্রহণ করেন। ১৯৭৬ সালে সিলেট সরকারী হাইস্কুল থেকে এসএসসি ও ১৯৭৮ সালে নটরডেম কলেজ, ঢাকা থেকে এইচএসসি পাশ করেন। পরবর্তীতে তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় (বুয়েট) থেকে কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রী অর্জন করেন। কর্ম জীবনে বর্তমানে তিনি বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশনে  জেনারেল ম্যানেজার (পরিকল্পনা ও উন্নয়ন) পদে কর্মরত আছেন। পারিবারিক জীবনে এক ছেলে (নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ে বিবিএ অধ্যয়নরত) ও এক মেয়ের (উচ্চ মাধ্যমিকে অধ্যয়নরত) জনক। স্ত্রী ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে আইনে স্নাতক ও মাস্টার্স। তিনি মিরপুরস্থ এস.ই.এল. হক আর্কিড এর সম্মানিত ল্যান্ডওনার। এস.ই.এল. এর ব্যবসায়িক নানা কার্যক্রম নিয়ে তার সাথে কথা বলেছেন-* আমানুল্লাহ নোমান

**এস.ই.এল. বার্তা ঃ** এস.ই.এল. এর সাথে আপনার পরিচয়ের সূত্রপাত সম্পর্কে কিছু বলুন।

**আ.ফ.ম. মঈনুল হক ঃ** আমার অফিস কলিগদের মুখে এস.ই.এল. এর বহু প্রশংসা শুনেছি। তাদের প্রশংসা শুনে আমি নিজ উদ্যোগে এস.ই.এল. এর সাথে যোগাযোগ করে আমার জমি সম্পর্কে অবহিত করি। এভাবেই এস ই এল এর সাথে আমার প্রথম যোগাযোগ হয়।

**এস.ই.এল. বার্তা ঃ** ডেভেলপার হিসেবে এস.ই.এল. কে কেন পছন্দ করলেন ?

**আ.ফ.ম. মঈনুল হক ঃ** মিরপুরের জমিটা আমাদের পৈত্রিক সম্পত্তি। মানসম্মত একটি বাড়ি করা পূর্ব স্বপ্ন ছিল। তাই ভালো একটি কোম্পানী খুজছিলাম। এস.ই.এল. কে খুজে পাওয়ার পরে আমার কাছে মনে হয়েছে পছন্দসই কোম্পানী খুজে পেয়েছি। এস.ই.এল. মান সম্মত কাজ করে যথাসময়ে প্রজেক্ট হ্যান্ডওভার করে। আমরা বিভিন্ কোম্পানী থেকে আকর্ষণীয় বিভিন্ন অফার পেয়েছিলাম। কিন্তু সেদিকে দৃষ্টি না দিয়ে মান সম্মত কাজ ও যথাসময়ে প্রজেক্ট বুঝে পাওয়ার জন্য এস.ই.এল. কে পছন্দ করি।

> এস.ই.এল. এর কোয়ালিটি ও কমিটমেন্ট সম্পর্কে নতুন করে কিছু বলার অপেক্ষা রাখেনা। নিজেরা বাড়ি করলে সর্বক্ষেত্রে যেমন সিরিয়াস থাকতাম এস.ই.এল. ঠিক তেমনভাবে সিরিয়াস থেকেছে। তারা আমাদের পছন্দসই একটি সুন্দর বাড়ি তৈরি করেছে।



**এস.ই.এল. বার্তা ঃ** এস.ই.এল. এর কোয়ালিটি ও কমিটমেন্ট সম্পর্কে কিছু বলুন।

**আ.ফ.ম. মঈনুল হক ঃ** এস.ই.এল. এর কোয়ালিটি ও কমিটমেন্ট সম্পর্কে নতুন করে কিছু বলার অপেক্ষা রাখেনা। নিজেরা বাড়ি করলে সর্বক্ষেত্রে যেমন সিরিয়াস থাকতাম এস.ই.এল. ঠিক তেমনভাবে সিরিয়াস থেকেছে। তারা আমাদের পছন্দসই একটি সুন্দর বাড়ি তৈরি করছে। এস.ই.এল. শ্রমিকদের জন্য উন্নত নিরাপত্তা ও চিকিৎসার ব্যবস্থা করেছে। প্রজেক্টে চলাকালীন সাইটের বিভিন্ন নিয়ম-কানুন কঠোরভাবে অনুসরণ করেছে। এগুলো আমার কাছে ভালো লেগেছে। এসব দেখে আমার কাছে মনে হয়েছে এস.ই.এল. এর কার্যক্রম আন্তর্জাতিক মানের।

**এস.ই.এল. বার্তা ঃ** এস.ই.এল. এর কোন দিকটি আপনার কাছে ভালো লেগেছে?

**আ.ফ.ম. মঈনুল হক ঃ** আমাদের জমিতে আমরা বাড়িটি যেমন করে তৈরি করতাম এস.ই.এল. ঠিক সেই কাজটি করেছে। এস.ই.এল. এর প্রত্যেক সদস্য আমাদেরকে আন্তরিকভাবে গ্রহণ করেছে। সবার বিনয়ী ব্যবহার,সিরিয়াসনেস ও প্রজেক্টের নিয়মকাণুনের প্রতি একাগ্রতা আমাকে মুগ্ধ করেছে।

**এস.ই.এল. বার্তা ঃ** এস.ই.এল. এর জন্য আপনার পরামর্শ কী?

**আ.ফ.ম. মঈনুল হক ঃ** এস.ই.এল. রাজউকের পরিপূর্ণ নিয়ম কানুন মেনে বাড়ি তৈরি করে। বিএনবিসি এর নিয়ম কানুন মেনে যে বাড়ি তৈরি করে তা যেন অব্যাহত রাখা হয়। সরকারি নিয়ম অনুযায়ী বিভিন্ন প্রজেক্টে সোলার প্যানেল বসানো হয়। বলতে গেলে সর্বক্ষেত্রে এটি অচল থাকে। শুধু নিয়ম রক্ষার জন্য সোলার প্যানেল দেয়া হয়। এ ক্ষেত্রে এস.ই.এল. যেন ব্যতিক্রম থাকে। সবারটা অচল থাকলেও এস.ই.এল. এর প্রজেক্টে ব্যবহৃত সোলার প্যানেল যেন সচল থাকে এই প্রত্যাশা করছি।

**এস.ই.এল. বার্তা ঃ** আপনার মূল্যবান সময় আমাদেরকে দেয়ার জন্য অসংখ্য ধন্যবাদ।

**আ.ফ.ম. মঈনুল হক ঃ** আপনাকে ধন্যবাদ। সেই সাথে এস.ই.এল. পরিবারের সবাইকে ধন্যবাদ জানাচ্ছি।

### সামাজিক কার্যক্রম

## লক্ষ বৃক্ষের স্বপ্নযাত্রা



‘সবুজ বাঁচাই, সবুজে বাঁচি’ এই শ্লোগানকে সামনে রেখে পরিবেশ সুরক্ষায় মতলব উত্তর উপজেলার এস.ই.এল. মডেল একাডেমি, ছেঙ্গারচর মডেল হাইস্কুল, লতরদি প্রাথমিক বিদ্যালয় ও ইঞ্জিনয়ার্স এসোসিয়েশন মাঠে গাছ লাগিয়ে ‘লক্ষ বৃক্ষের স্বপ্নযাত্রা’ কর্মসূচি উদ্বোধন করেন দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিমিটেড (এস.ই.এল.) এর ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিঃ মোঃ আব্দুল আউয়াল। উপস্থিত ছিলেন মতলব উত্তর ইঞ্জিনিয়ার্স এন্ড আর্কিটেক্টস এসোসিয়েশনের আহ্বায়ক ইঞ্জিনিয়ার এনামুল হক খান সুমন, সদস্য সচিব ইঞ্জিনিয়ার আরিফ খান, এস.ই.এল. চ্যারিটেবল ফাউন্ডেশন এর সমন্বয়ক জনাব ইবনুল সাইদ রানা, দিনাজপুর ঈদগাহ বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফজলুর রহমান প্রমুখ।

### নিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ কর্মশালা



০৭ মে, ২০১৮ইং তারিখে দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিমিটেড এর চলমান প্রকল্প সমূহে সার্বিক নিরাপত্তা আরও অধিক জোরদার করার লক্ষ্যে এক “নিরাপত্তা বিষয়ক কর্মশালা”র আয়োজন করা হয়। উক্ত কর্মশালায় এস.ই.এল. প্রকল্পে দায়িত্বরত সিনিয়র গার্ড, গার্ড এবং জুনিয়র গার্ডগণ অংশগ্রহণ করে। কর্মশালা পরিচালনা করেন কোম্পানীর এ্যাসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার (প্রশাসন) জনাব মোঃ ওয়ালিউর রহমান (অলি)।




দি স্ট্রাকচারাল ইঞ্জিনিয়ার্স লিঃ এর পক্ষে ব্যবস্থাপনা পরিচালক, ইঞ্জি. মো. আব্দুল আউয়াল, ২৯, পশ্চিম পান্থপথ, ঢাকা-১২০৫ কর্তৃক প্রকাশিত এবং আমানুল্লাহ নোমান কর্তৃক সম্পাদিত। ফোন : ৯১১৬৫৭২, ০১৮১৯-৫৫৮১৪১